



From : Dr. Bappaditya Mandal  
Principal

**SONAMUKHI COLLEGE**  
P.O. - Sonamukhi, Dist. - Bankura,  
West Bengal, India - 722 207

NMAC: B (238) 2016-15 Cycle

www.sonamukhicollegebankura.com  
sonamukhicol@gmail.com  
(91)03244-275251

**Ref. 202008311516/SC/Misc Date: 31/8/2020**

**বিজ্ঞপ্তি**

সোনামুখী কলেজের সকল ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, সমকালের এই বিশ্বব্যাপী অতিমারির বলয় থেকে আমরা সকলে মুক্তি চাই। আমরা বিশ্বাস করি, কাঙ্ক্ষিত মুক্তির বীজ সুপ্ত আছে - ভারতীয় সংস্কৃতির ধারাবাহিকতায় আর তার প্রকাশকদের সৃষ্টির অভ্যন্তরো। আধুনিক ভারতীয় সংস্কৃতির এমনই একজন বাহক এবং বিশ্বব্যাপী প্রচারক হলেন - সত্যজিৎ রায়। ২০২১ সাল হল তাঁর জন্মশতবর্ষের বছর। সেই উপলক্ষে দেশে বিদেশে পালিত হবে তাঁর জন্মশতবর্ষের বহুবিধ অনুষ্ঠান।

আগামীর অনুষ্ঠানের শুভ সূচনা হোক সোনামুখী কলেজের ছাত্রছাত্রীদের পক্ষ থেকেই। আমরাই হই পথপ্রদর্শক। শুরু হোক সত্যজিৎ চর্চা, লেখায়-রেখায়। সোনামুখী কলেজের বাংলা বিভাগের পক্ষ থেকে তাই আয়োজন করা হয়েছে -

প্রবন্ধ প্রতিযোগিতা -

বিষয় - 'শতবর্ষের আলোকে সত্যজিৎ রায়' ( শব্দ সংখ্যা ১০০০-১২০০)

অঙ্কন প্রতিযোগিতা -

বিষয় - 'সত্যজিৎ রায় ও তাঁর সৃষ্টি'

সোনামুখী কলেজের সমস্ত ছাত্রছাত্রী অংশ গ্রহণ করতে পারবে। নির্বাচিত প্রবন্ধ ও ছবি পুরস্কৃত হবে এবং কলেজ পত্রিকায় প্রকাশিত হবে। প্রবন্ধ ও অঙ্কন প্রতিযোগিতার লেখা ও চিত্র জমা দেবার ঠিকানা [smcbengali.depart20@gmail.com](mailto:smcbengali.depart20@gmail.com). শেষ তারিখ ৩০ শে নভেম্বর ২০২০।

অধ্যক্ষ

সোনামুখী কলেজ  
সোনামুখী, বাঁকুড়া।  
পশ্চিমবঙ্গ, ভারত।